



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স

সূত্র নং: ডিসিপি(পিআর) ০৫/২০২৫-৩৯

তারিখ : ২৩ জানুয়ারি, ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

প্রধান বার্তা সম্পাদক,
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া
ঢাকা।

শীঘ্রই আসছে ৫ম বাংলাদেশ সরকার বিনিয়োগ সুকুক

‘পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ প্রকল্প (২য় পর্যায়) (CIBRR-2)’ শীর্ষক প্রকল্পের বিপরীতে ৫ম বাংলাদেশ সরকার বিনিয়োগ সুকুক ইস্যুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতিপূর্বে ইস্যুকৃত অন্যান্য সুকুকের ন্যায় আলোচ্য সুকুকটিও সামাজিক উন্নয়নমূলক প্রকল্পের বিপরীতে ইস্যু করা হবে। প্রকল্পটির মাধ্যমে গ্রামীণ সড়ক যোগাযোগ ব্যবস্থা ও প্রকল্প এলাকার আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন, কৃষি উৎপাদন বৃদ্ধি, কৃষি ও অকৃষি পণ্য পরিবহন ব্যবস্থা সহজীকরণ ও ব্যয় হ্রাস এবং স্বল্প ও দীর্ঘ মেয়াদে কর্মসংস্থানের সুযোগ নিশ্চিত হচ্ছে। দেশী বিদেশী ব্যক্তি পর্যায়ের বিনিয়োগকারীদের সুকুকে বিনিয়োগ উৎসাহিত করতে শরিয়াহভিত্তিক ব্যাংক/ফাইন্যান্স কোম্পানি/বীমা কোম্পানি এর অনুকূলে ৭০%, কনভেনশনাল ব্যাংকসমূহের ইসলামিক ব্রাঞ্চ ও উইভোজ এর অনুকূলে ১০% এবং ব্যক্তি পর্যায়ের বিনিয়োগকারী, প্রভিডেন্ট ফান্ড, ডিপোজিট ইস্যুরেঞ্জ প্রভৃতি বিনিয়োগকারীদের অনুকূলে ২০% সুকুক বরাদ্দের হার পুনঃনির্ধারণ করা হয়েছে। সকল কনভেনশনাল ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং বীমা কোম্পানি শর্তসাপেক্ষে নিলামে অংশগ্রহণ করতে পারবে। তবে, ০৩টি শ্রেণিতে প্রয়োজনীয় সাবস্ক্রিপশন না পাওয়া গেলে তাদের মধ্যে অবশিষ্ট সুকুক আনুপাতিক হারে বরাদ্দ দেয়া হবে। নিবাসী ব্যক্তি পর্যায়ের বিনিয়োগকারীগণ তাদের নিজস্ব ব্যাংক হিসাবের মাধ্যমে সুকুকে বিনিয়োগ করতে পারবে। অনিবাসী ব্যক্তি বা প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী বাংলাদেশে কার্যরত যে কোনো ব্যাংকে তার/তাদের নামে পরিচালিত অনিবাসী বৈদেশিক মুদ্রা হিসাব অথবা অনিবাসী টাকা হিসাবের মাধ্যমে সুকুকে বিনিয়োগ করতে পারবে এবং মুনাফা, বিক্রয়লব্ধ অর্থ ও মেয়াদপূর্তিতে প্রাপ্ত আসল বৈদেশিক মুদ্রায় (সকল প্রকার প্রযোজ্য ফি এবং/অথবা কর কর্তনপূর্বক) প্রত্যাভাসনযোগ্য। মার্চ, ২০২৫ এ আলোচ্য প্রকল্পটির বিপরীতে ৩,০০০.০০ কোটি টাকার সুকুক ইস্যুর পরিকল্পনা রয়েছে।

জাতীয় স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

(সাইদা খানম)

পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র
ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
টেলিফোন: ৯৫৩০৩০০; মোবাইল: ০১৭১১১৫৪৭৭৮
E-mail: sayeda.khanam@bb.org.bd